



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট



১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬।

সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.১৪৫.২০.৩০৫

০২ অগ্রহায়ণ ১৪২৭
১৭ নভেম্বর ২০২০

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

“বেতার অনুষ্ঠান প্রযোজনা” প্রশিক্ষণ পাঠ্যধারা

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ২০ ডিসেম্বর ২০২০ থেকে ১৪ জানুয়ারি ২০২১ খ্রি. পর্যন্ত ০৪ (চার) সপ্তাহব্যাপী “বেতার অনুষ্ঠান প্রযোজনা” প্রশিক্ষণ পাঠ্যধারা পরিচালনা করতে যাচ্ছে। এ পাঠ্যধারায় বেতার অনুষ্ঠান সম্পর্কিত বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত থাকবে।


প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই স্নাতক পাশ হতে হবে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ৳ ২০০/- (টাকা দুইশত) মাত্র নির্ধারিত ফি দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

আগামী ২৪ নভেম্বর ২০২০ থেকে প্রতিদিন অফিস চলাকালীন আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি, স্নাতক পাশের সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র পেশ করতে হবে। ইনস্টিটিউটের www.nimc.gov.bd-তে সরাসরি আবেদন করা যাবে। সেক্ষেত্রে সাক্ষাৎকারের দিন ফি জমা দিয়ে বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।


আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ০৭ ডিসেম্বর ২০২০। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। বাছাই পরীক্ষা ০৮ ডিসেম্বর ২০২০ খ্রি. সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত হবে। এজন্য পৃথক কোন পত্র দেয়া হবে না। বাছাই পরীক্ষার পর নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ০৯ ডিসেম্বর ২০২০ খ্রি. ইনস্টিটিউটের ওয়েবসাইট ও নোটিস বোর্ডে দেয়া হবে।

মনোনীত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৳ ৪,০০০/= (টাকা চার হাজার) মাত্র “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট”-এর অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


মো. আবুজার গাফফারী
উপ-পরিচালক
ও
পাঠ্যধারা পরিচালক
ফোন: ৫৫০৭৯৪৫৩

website/online এ upload করা হতে পারে


২৪/১১/২০ ২০

মোঃ আবুজার গাফফারী
উপ-পরিচালক (বেতার অনু: প্রশা.)